REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১২ই শ্রাবণ বুধবার ১৩৪৪ ইংরাজী 28th July 1937 | ১১শ সংখ্যা

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ⁄০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীপ্রিয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য
লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সস্তর দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং লিঃ
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৩ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এ।, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুবং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

বি-পু-ল আ-য়ো-জ-ন
গ্রামোফোন
মেসিন
॥
রেকর্ড
ও
নানাবিধ সরঞ্জাম



সকল রকম গ্রামোফোন মেসিন ও রেকর্ড পাইবেন।

ডি, পি, গাঙ্গুলী
জঙ্গিপুর এজেন্সী
রঘুনাথগঞ্জ — চাউলপটী

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

ব্রজশশী
## আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে সম্পূর্ণ বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্ব্বেদীয় ঔষধ প্রাপ্তির ও চিকিৎসার বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান।

( স্থাপিত—সন ১৩০২ সাল )

ক্যাটালগের জন্য পত্র লিখুন।

প্রতিষ্ঠাতা ও চিকিৎসক—
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি-এ, কবিরত্ন
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১২ই শ্রাবণ বুধবার সন ১৩৪৪ সাল।

## কাঙ্গালী বিদায়।

বিগত ৬ই শ্রাবণ বৃহস্পতিবার বৈকালে জঙ্গিপুরের ব্যবসায়ী ৺হরিদাস হাটী মহাশয়ের শ্রাদ্ধোপলক্ষে তাঁহার পুত্রগণ সমাগত প্রায় চারিশত কাঙ্গালীর মধ্যে পূর্ণ বয়স্কদিগের প্রত্যেককে /১।০ সওয়া সের চাউল ও এক আনা হিসাবে পয়সা এবং ছোটদের প্রত্যেককে /১। সের চাউল ও দুই পয়সা হিসাবে দান করিয়াছেন।

---

গত ৯ই শ্রাবণ রবিবার বৈকালে জঙ্গিপুরের স্বনামধন্য দানশীল জমিদার স্বর্গীয় সুরেন্দ্রনারায়ণ সিংহ মহাশয়ের শ্রাদ্ধোপলক্ষে প্রায় পনর শত কাঙ্গালীর ছোট বড় প্রত্যেককে সওয়া সের চিড়া মুড়কী ও এক আনা হিসাবে পয়সা দান করিয়াছেন। দান গ্রহণ করিয়া প্রত্যেকে সন্তুষ্টচিত্তে গৃহাভিমুখে গমন করিয়াছে।

---

## চাউলের দর।

বর্ত্তমানে রঘুনাথগঞ্জ বাজারে সাধারণ চাউল টাকায় ।৪। সওয়া চৌদ্দ সের দরে বিক্রয় হইতেছে। যাঁহারা লাভের আশায় মাঘ, ফাল্গুন মাসে চাউল মজুত রাখিয়াছিলেন তাঁহাদের লোকসান লাগিতেছে।

---

## কান কাটা।

কান্দী মহকুমার কান্দরা গ্রামের একটী ভদ্রলোক এক গোয়ালিনীর বাটিতে প্রবেশ করে। উহাতে গোয়ালারা ক্রুদ্ধ হইয়া তাহার ডান কান একেবারে কাটিয়া দেয়। এই সম্পর্কে সম্প্রতি তিন জন গোয়ালার জরিমানা হইয়াছে।

---

## প্রথম ম্যাট্রিকুলেট মুসলমান বালিকা।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার ভূতপূর্ব্ব সদস্য ও মুর্শিদাবাদ জেলা বোর্ডের ভাইস-চেয়ারম্যান খান বাহাদুর এক্রামল হক সাহেবের কন্যা আমিনা খাতুন এ বৎসর প্রাইভেট ছাত্রী হিসাবে ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তীর্ণা হইয়াছে। আমিনা খাতুন মুর্শিদাবাদ জেলার স্থায়ী বাসিন্দা মুসলমান বালিকাদের মধ্যে সর্ব্ব প্রথম ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তীর্ণ হইল।

---

## প্রস্তাবিত কান্দী কলেজ।

প্রস্তাবিত কান্দী কলেজের মামলা এই সর্ত্তে নিষ্পত্তি হইয়াছে যে, উপস্থিত রাজারা গবর্ণমেণ্টের নিকট গচ্ছিত যে ৪২,০০০৲ টাকা আছে তাহা দিবেন। তাহার পর তাঁহাদিগের দানের বাকী টাকা দশ বৎসরের কিস্তীতে পরিশোধ করিবেন। এইরূপে সমগ্র এক লক্ষ টাকাই নাকি পাওয়া যাইবে। কান্দী রাজ স্কুলকে কলেজে পরিণত করিবার জন্য স্বর্গীয় রাজা বীরেন্দ্রচন্দ্র সিংহ বাহাদুর এই এক লক্ষ টাকা দান করিয়া গিয়াছেন। কান্দী স্কুলের ট্রাষ্টি বা কমিটি এই জন্য স্কুল ছাড়িয়া দিবেন কি না তাহা জানা যায় নাই। গবর্ণমেণ্ট প্রস্তাবিত কান্দী কলেজের ট্রাষ্টি হইতে অস্বীকার করিয়াছেন। এখন কে কে ইহার ট্রাষ্টি হইবেন তাহাও ঠিক হয় নাই।

---

## আত্মহত্যা।

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত আইলেরউপর গ্রামের রজনী মণ্ডলের স্ত্রী সোহাগী মণ্ডলানী গত ১০ই শ্রাবণ রাত্রিতে আত্মহত্যা করিয়া মারা যায়। পুলিশ খবর পাইয়া ঘটনাস্থলে যান এবং মৃতদেহ ডাক্তারী পরীক্ষার জন্য মর্গে পাঠাইয়া দেন।

---

## রঘুনাথগঞ্জ থানার এলাকা কেশেবোনায়

### একজন নিহত ও তিনজন আহত।

বিগত ২রা শ্রাবণ রবিবার ৯॥ ঘটিকার সময় রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত কেশেবোনা গ্রামের মহম্মদ বিশ্বাস, আনেশ বিশ্বাস, তাজিরুদ্দিন দেওয়ান প্রভৃতি প্রায় ৪০ জনের আঘাতে উক্ত গ্রামের জোহরালী সেখ নিহত ও তাহার তিন পুত্র মোতালিব, বাহার ও একদিল সাংঘাতিক ভাবে আহত হইয়াছে।

ঘটনার বিবরণে প্রকাশ,—প্রায় দুই বৎসর হইতে মহম্মদ বিশ্বাস তাহার দলবল লইয়া উক্ত গ্রামের নিকটস্থ রাণীনগর দিয়ারের গোবরাজোল মাঠের জোতদারগণের জমির ফসল কাটিয়া লয় ও অযথা তছরুপাত করে। এবারেও ২রা শ্রাবণ তারিখে মহম্মদ বিশ্বাস, আনেশ বিশ্বাস, শিবু চাঁই, তাজিরুদ্দিন দেওয়ান প্রভৃতি ৪০।৫০ জন লোক লাঠি বর্শা, বল্লম ইত্যাদি অস্ত্র শস্ত্র লইয়া 'সাঁওয়া' ফসল কাটিবার জন্য মাঠের দিকে যাইতেছিল। জোহরালী উক্ত মাঠের জোগানদার ছিল, সে তাহার তিন পুত্রসহ একখানি জমিতে ধান 'নিড়ান' করিতেছিল। সে ঐ সব লোককে মাঠের দিকে আসিতে দেখিয়া ভাগীরথীর অপর পারে যাইয়া জমির মালিকগণকে খবর দিবার জন্য খেয়াঘাটে গিয়া নৌকায় উঠে। মহম্মদ লোকজনসহ দৌড়াইয়া খেয়াঘাটে যায় এবং মাঝিকে নৌকা ছাড়িতে নিষেধ করে। জোহরালীকে টানিয়া নৌকা হইতে নামাইয়া বর্শার আঘাত করে। আঘাতের ফলে সে মাটিতে পড়িয়া যায়, তখন সকলে মিলিয়া তাহাকে আঘাত করে। ঘটনাস্থলেই জোহরালীর মৃত্যু হয়, তাহার বড় ছেলে পিতার সাহায্যের জন্য অগ্রসর হইলে তাহাকেও সাংঘাতিকভাবে আহত করে এবং অপর দুই ছেলেকেও তাহাদের জমির উপরে গিয়া নির্ম্মমভাবে প্রহার করে। জোহরালীর তিন পুত্রই জঙ্গিপুর হাসপাতালে আছে। একটীর অবস্থা আশঙ্কাজনক।

মাস দুই পূর্ব্বে উক্ত গ্রামের নিকটে এক চাঁই মণ্ডলের বাড়ীতে ডাকাতি হওয়ায় ঐ স্থানে পুলিশের একটী ক্যাম্প আছে। ঐ ক্যাম্পের হাবিলদার ঘটনাস্থলে উপস্থিত থাকিয়াও আততায়ীগণকে কোন প্রকার বাধা দেয় নাই বলিয়া প্রকাশ। পুলিশ সংবাদ পাইয়া বেলা ১॥০ ঘটিকার সময় ঘটনাস্থলে গমন করেন। ১০ জন আসামী গ্রেপ্তার হইয়াছে। মহম্মদ বিশ্বাস ও তাহার পুত্র আনেশ পলায়ন করিয়াছে। জঙ্গিপুরের সুযোগ্য সার্কেল ইন্সপেক্টর বাবু শ্রীগোপাল দত্ত, বি-এ, মহোদয় ঘটনাস্থল পরিদর্শন করেন এবং উক্ত ক্যাম্পের হাবিলদারের জবানবন্দী গ্রহণ করেন ও তাহার ডায়েরী বহি পরীক্ষা করেন। তিনি হাবিলদারের ডায়েরী বহিতে এই ঘটনার উল্লেখ পান নাই বলিয়া প্রকাশ। জোর পুলিশ তদন্ত চলিতেছে।

---

## পুলিশ কর্ম্মচারীর বিরুদ্ধে ডিক্রী।

বহরমপুর বার-লাইব্রেরীর লাইব্রেরিয়ান শ্রীযুক্ত রামরঞ্জন রায়, স্থানীয় মুন্সেফের এজলাসে দারোগা মিঃ কালীপদ মুখার্জ্জীর বিরুদ্ধে মিথ্যা অভিযোগমূলে এবং ন্যায্য কারণ ব্যতিরেকে আক্রোশবশতঃ বাড়ীতে খানাতল্লাস করিবার অভিযোগে এক ক্ষতিপূরণের মামলা রুজু করেন। মামলায় ২৫০৲ দাবি ছিল। মুন্সেফ বাবু মামলা ডিসমিস করেন। অতঃপর মুর্শিদাবাদের জেলা জজ মিঃ কে, কে, হাজরা আই-সি-এস এর নিকট বাদী রামরঞ্জন আপীল করেন। মুন্সেফের রায় রহিত করিয়া জেলা জজ আপীল গ্রাহ্য করেন এবং বাদীর অনুকূলে ২৫০৲ টাকা ডিক্রী দিয়াছেন।

---

## ট্রেণ দুর্ঘটনা।

পাটনা হইতে কয়েক মাইল দূরে বিহিটা ষ্টেশনের নিকট ডাউন পাঞ্জাব মেল লাইনচ্যুত হইয়া অত্যন্ত গুরুতর দুর্ঘটনা ঘটিয়াছে। ইঞ্জিনের সঙ্গে যে ৯ খানি বগী গাড়ী ছিল, তাহার মধ্যে ৪ খানি একেবারে চুরমার হইয়াছে। এ পর্য্যন্ত যতদূর সংবাদ পাওয়া গিয়াছে, তাহাতে প্রকাশ, প্রায় ১২৬।১২৭ জন যাত্রী নিহত এবং প্রায় দুই শত লোক আহত হইয়াছে। কিন্তু ঘটনার বিবরণ হইতে আশঙ্কা হয়, হতাহতের সংখ্যা আরও বেশী হইবে। যে সব যাত্রী হতাহত হইয়াছেন, তাঁহারা সকলেই ভারতীয়। আমরা নিহত যাত্রীদের আত্মীয়-স্বজনের শোকে গভীর সমবেদনা প্রকাশ করিতেছি। যাঁহারা আহত হইয়াছেন, তাঁহারা সত্বর নিরাময় হইয়া উঠুন, এই কামনা করি।

এই ভীষণ দুর্ঘটনা কিরূপে ঘটিল, ট্রেণখানি সহসা লাইনচ্যুত হইল কেন, তাহার কারণ এখনও জানা যায় নাই। গবর্ণমেণ্টের পক্ষ হইতে সত্বর এ সম্বন্ধে তদন্তের ব্যবস্থা হইবে এবং তাহার ফলে দুর্ঘটনার কারণ নির্ণীত হইবে, এরূপ আশা আমরা অবশ্যই করিতে পারি।

---

## মেডিকেল এসোসিয়েশন।

সিউড়ীর ডাক্তার শ্রীযুক্ত শরৎচন্দ্র মুখোপাধ্যায় এম, এল, এ অল ইণ্ডিয়া মেডিকেল এসোসিয়েসনের আগামী অধিবেশনের সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন। বর্ত্তমান সালের আগামী আগষ্ট মাসে কলিকাতায় এই এসোসিয়েসনের অধিবেশন হইবে।

---

## চাকরীর অবস্থা।

ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জের ঋণ সালিশী বোর্ডের ৪১ জন কেরাণী ও কয়েকজন পিওন নিয়োগের জন্য মহকুমা ম্যাজিষ্ট্রেট যে পরীক্ষা লইতেছেন তাহাতে প্রায় শতাধিক লোক প্রার্থী দাঁড়াইয়াছে। কেরাণী পদের বেতন মাসিক ১৩৲ টাকা ও পিওনের বেতন ৭৲ টাকা কেরাণী পদের জন্য নাকি অনেক আই-এ পাশ ও পিওনের জন্য ম্যাট্রিক পর্য্যন্ত পড়া বেকার যুবকগণ দরখাস্ত করিয়াছে।

---

## মিথ্যা শপথে অনর্থ।

"পল্লীবার্ত্তায়" প্রকাশ, যশোহর জেলার বনগ্রাম থানার অন্তর্গত গোপালনগর নিবাসী কালু মিঞা তথাকার আফিলদ্দি মণ্ডলের নামে ৫০৲ টাকার দাবিতে এক দেওয়ানী মামলা রুজু করিয়াছিল। আফিলদ্দি মামলা অস্বীকার করিলে কালু মিঞা কোরাণ মাথায় লইয়া তাহাকে শপথ করিতে বলায় আফিলদ্দি তাহাই করে এবং কালু মিঞা মামলা তুলিয়া লয়। এই ঘটনার কয়েকদিন পরেই আফিলদ্দি হঠাৎ রক্ত বমন করিতে করিতে মারা যায়। ইহাকেই বলে যেমন কর্ম্ম তেমনি ফল।

---

## প্রভুপত্নী হত্যার জের।

### আসামীর যাবজ্জীবন দ্বীপান্তর।

জুরীদিগের সহিত একমত হইয়া নদীয়ার দায়রা জজ মিঃ বি, এম, মিত্র, আই-সি-এস, কমলাকান্ত রায় চৌধুরীকে যাবজ্জীবন দ্বীপান্তর দণ্ডে দণ্ডিত করিয়াছেন।

অভিযোগে প্রকাশ, নদীয়া সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের সুপারভাইজার নরেশচন্দ্র চ্যাটার্জ্জির বাড়ীতে কমলাকান্ত পাচকের কাজ করিত। গত সেপ্টেম্বর মাসে নরেশবাবুর অনুপস্থিতে একদিন রাত্রে উক্ত কমলাকান্ত রন্ধনশালার মধ্যে নরেশ বাবুর স্ত্রীকে গলা টিপিয়া মারিয়া ফেলে এবং তাঁহার গায়ের গহনা লইয়া পলাইয়া যায়। পরদিন অপরাহ্নে আড়ংঘাটা রেল ষ্টেশনের প্ল্যাটফরমে




শিশুদিগের কোমল চর্ম্মে
নিরাপদে ব্যবহার
করা যায়।

ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য
সংরক্ষণের অভিনব
প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্ম আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্মজনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।




এখানে
মহাত্মা আনন্দ ঋষির
আয়ুর্ব্বেদিক হোমিও
ঔষধ প্রস্তুত হইতেছে।
ডাক্তার বি, রায়কে
পত্র লিখিয়া জানুন।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য প্রতি শিশি ১৲, ডজন ১০৲ মাত্র।

**দামোদর সুধা**

ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্তশ্লেষ্মার জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। মূল্য ৷৵০ প্লীহার মালিষ সমেত ১৲

## ভাইট্যালী—জীবনীশক্তিবর্দ্ধক!


ইহা সেবনে—প্রমেহজনিত স্নায়বিক দৌর্ব্বল্য, মাথাঘোরা, শারীরিক শীর্ণতা, অম্ল, অজীর্ণ, প্রস্রাবের দোষ, বহুমূত্র, দুঃস্বপ্ন, অর্শ, এবং স্ত্রীলোকদিগের বাধক, শ্বেত ও রক্তপ্রদর এবং সূতিকা প্রভৃতি আরোগ্য হয়। মূল্য ১৲ মাত্র। ১ শিশিতে প্রায় ১ মাসের ঔষধ থাকে।

প্রাপ্তিস্থান **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা
সন ১৩৪৩ সালের ক্যালেণ্ডার বিনামূল্যে বিতরিত হইতেছে

## হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!


সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।
সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র।
উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ৴০ কমিশন বাদ
প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।








# সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ,
**শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম. এ., এফ. সি. এস. (লণ্ডন)**
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চঃ—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনসুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *
লণ্ডন এজেন্সি—হাই-হল্‌বরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲